

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 28-08-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Seminar on 6th State Finance Commission :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন ষষ্ঠ অর্থ কমিশন রাজ্যের মানুষের উন্নয়নের স্বার্থে এক গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করছে। পঞ্চম অর্থ কমিশনের মাধ্যমেও বর্তমান সরকার রাজ্যের সার্বিক উন্নয়নের স্বার্থে কাজ করেছে। আগামীদিনে ষষ্ঠ অর্থ কমিশনের মাধ্যমে রাজ্য সরকার জনকল্যাণমূলক পরিকল্পনা নিয়ে কাজ করবে। গতকাল প্রজ্ঞাভবনে জনপ্রতিনিধিদের নিয়ে ত্রিপুরা রাজ্য ষষ্ঠ অর্থ কমিশনের বিষয়বস্তু নিয়ে আয়োজিত একদিনের সেমিনারে একথা বলেন তিনি। অর্থমন্ত্রী বলেন, সরকারের প্রধান লক্ষ্য হচ্ছে শিক্ষা, স্বাস্থ্য খাদ্য, বাসস্থান সহ সব দিক দিয়ে মানুষের উন্নয়ন করে রাজ্যকে আর্থিকভাবে এক শক্তিশালী রাজ্য হিসেবে গড়ে তোলা। সেমিনারে বক্তব্য রাখেন পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মণ, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ষষ্ঠ রাজ্য অর্থ কমিশনের চেয়ারম্যান অভিষেক সিং প্রমুখ।

\*\*\*\*\*

**UNION CABINET :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে গতকাল পি এম স্বনিধি প্রকল্প পুনর্গঠনের অনুমোদন প্রদান করা হয়েছে। এর আওতায় ঋণ প্রদানের সময়কাল ৩১শে ডিসেম্বর ২০২৪ থেকে বাড়িয়ে ২০৩০ সালের ৩১শে মার্চ পর্যন্ত করা হয়েছে। এই প্রকল্পের মোট খরচ ধরা হয়েছে ৭ হাজার ৩৩২

কোটি টাকা। এর ফলে নতুন ৫০ লক্ষ সহ মোট ১ কোটি ১৫ লক্ষ সুবিধাভোগী উপকৃত হবেন। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের একটি প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই প্রস্তাবে বলা হয়েছে, ২০৩০ সালে কমনওয়েলথ গেমস ভারতের আমেদাবাদে আয়োজনের জন্য উদ্যোগ নেওয়া হবে।

\*\*\*\*\*

## **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল জাপান ও চীন সফরে যাচ্ছেন। সফরের প্রথম পর্যায়ে জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিভার সঙ্গে পঞ্চদশ ভারত জাপান বার্ষিক সম্মেলনে যোগ দেবেন তিনি। সেখানে গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে মত বিনিময় করবেন উভয় প্রধানমন্ত্রী।

সফরের দ্বিতীয় পর্যায়ে এ-মাসের ৩১ তারিখ প্রধানমন্ত্রী, চীনের রাষ্ট্রপতি শি জিংপিং-এর আমন্ত্রণে সেদেশ সফর করবেন। বিদেশ মন্ত্রকের পশ্চিম বিষয়ক সচিব তন্ময় লাল সাংবাদিকদের জানিয়েছেন তিয়ানজিনে শাংহাই সহযোগিতা সংগঠন-এসসিওর রাষ্ট্র প্রধানদের ২৫তম বৈঠকে যোগ দেবেন প্রধানমন্ত্রী।

\*\*\*\*\*

## **Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল রাজভবনে একটি নতুন আধুনিক জিমন্যাসিয়ামের উদ্বোধন করেন। রাজভবনে কর্মরত আধিকারিক ও কর্মচারীদের শারীরিক ও মানসিক সুস্থতার লক্ষ্যে এই উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে রাজ্যপাল কর্মজীবনের মধ্যে শারীরিক সুস্থতা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, এই জিমন্যাসিয়ামটি রাজভবনে কর্মরত

আধিকারিক ও কর্মচারীদের একটি সক্রিয় ও ইতিবাচক জীবনধারা গড়ে তোলার লক্ষ্যে একটি মূল্যবান সম্পদ হিসেবে কাজ করবে।

\*\*\*\*\*

## **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে মন-কি-বাত এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন কি বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

\*\*\*\*\*

## **Kala Utsab-Kishor Barman :**

নলছড় কমিউনিটি হলে আগামীকাল সিপাহীজলা জেলাভিত্তিক কলা উৎসব অনুষ্ঠিত হবে। নলছড় উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে এবং জেলা শিক্ষা কার্যালয়ের সহায়তায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ।

\*\*\*\*\*

## **National Sports day:**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে নানা কর্মসূচির মধ্য দিয়ে আগামীকাল থেকে ৩১ আগস্ট পর্যন্ত ৩ দিনব্যাপী সোনামুড়ায় মহকুমাভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস পালন করা হবে। এই কর্মসূচি অনুযায়ী ২৯ আগস্ট নীরমহলে যোগা প্রদর্শন, ৩০ আগস্ট মেলাঘর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে বালিকাদের মধ্যে হকি ও হান্ডবল খেলা এবং ৩১ আগস্ট সোনামুড়ায় সাইকেল র্যালীর আয়োজন করা হবে।

\*\*\*\*\*

### **First Division :**

টিএফএ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় এগিয়ে চলো সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে তারা ৪-০ গোলে নাইন বুলেটস ক্লাবকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*